

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৮.২০.১৬

তারিখ: ৩ মাঘ ১৪২৭

১৭ জানুয়ারি ২০২১

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ৫৮০১/২০২০ মামলা পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নাটোর জেলার লালপুর উপজেলার মনিহারপুর-রামকৃষ্ণপুর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোঃ তৌহিদুল ইসলাম এর সাময়িক বরখাস্ত সংক্রান্ত বিষয়কে কেন্দ্র করে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫৮০১/২০২০ মামলা দায়ের করেন। মামলার বিবরণ নিম্নরূপ:

| মামলা নং  | যে সংক্রান্ত মামলা        | বাদীর নাম ঠিকানা                                                                                                                                    | বিবাদীর নাম                                                                                   | পরিচালনা কর্তৃপক্ষ              |
|-----------|---------------------------|-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-----------------------------------------------------------------------------------------------|---------------------------------|
| ৫৮০১/২০২০ | সাময়িক বরখাস্ত সংক্রান্ত | জনাব মোঃ তৌহিদুল ইসলাম, পিতা- মৃত: করিম মোল্লাহ, প্রধান শিক্ষক(সাময়িক বরখাস্ত), মনিহারপুর-রামকৃষ্ণপুর উচ্চ বিদ্যালয়, উপজেলা- লালপুর, জেলা- নাটোর। | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাউশিসহ মোট ০৭ (সাত) জন। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর |

২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ৫৮০১/২০২০ মামলা পরিচালনার বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে সর্বশেষ মামলার তথ্য এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৭-১-২০২১

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৮.২০.১৬/১


তারিখ: ৩ মাঘ ১৪২৭

১৭ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।  
৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৭-১-২০২১

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব